

# সরকারি স্থগিতাদেশ প্রত্যাহার শিগগিরই ২১তম বিসিএস পরীক্ষার ফল প্রকাশ

কাগজ প্রতিবেদক: বিসিএস পরীক্ষার ফল প্রকাশের সরকারি স্থগিতাদেশ প্রত্যাহার করে নেওয়া হয়েছে। প্রায় ৮ মাসের এই স্থগিতাদেশ প্রত্যাহার করে নেওয়ার ফলে শিগগিরই ২১তম বিসিএস-এর চূড়ান্ত ফল প্রকাশ করা হবে। এর মাধ্যমে প্রায় এক বছর পর সরকারের বিভিন্ন গেসেটেড পদে নিয়োগদান শুরু হবে।

উপর্যুক্ত প্রার্থী বাছাইয়ের দায়িত্বপ্রাপ্ত সাংবিধানিক প্রতিষ্ঠান পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) সূত্রে জানা গেছে, সরকার স্থগিতাদেশ প্রত্যাহার করে নেওয়ার ফলে এক মাসের মধ্যে ২১তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হতে পারে। এরপর ২২ ও ২৩তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশের জন্য বাকি প্রতিষ্ঠা সম্পন্ন করা হবে।

প্রজাতন্ত্রের বিভিন্ন ক্যাডার ও নন-ক্যাডার গেসেটেড পদে নিয়োগের জন্য

● ৫৭৯-পৃষ্ঠা ১১ কলাম ৪

## শিগগিরই ২১তম বিসিএস

● প্রথম পাতার পর পিএসসির সদস্য নিয়োগপ্রাপ্ত চেয়ারম্যান ড. জিন্নাতুন নেছা তাহমিনা বেগম এরকম অভিযোগ দিয়েছেন: এ ব্যাপারে তার সঙ্গে যোগাযোগ করা হলে গতকাল তরুণার তিনি জোরের কাগজকে বলেন, বিসিএস পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কিত স্থগিতাদেশ প্রত্যাহার করা হয়েছে। কমিশন ২১তম বিসিএস পরীক্ষার ফল প্রকাশের প্রস্তুতি নিচ্ছে। তিনি বলেন, এ প্রতিষ্ঠা সম্পন্ন হতে ১৫ থেকে ২০ দিনও লাগতে পারে কিংবা এক মাসও লাগতে পারে। তবে এমতাবাদে ২১তম বিসিএস পরীক্ষার ফলাফল প্রকাশ সম্ভব হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

জেটি সরকারের গত বছর অক্টোবরে কমতা নেওয়ার পরপরই এক সরকারি আদেশে ২১তম বিসিএসের চূড়ান্ত ফলাফল প্রকাশ, ২২তম বিসিএসের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ এবং ২৩তম বিসিএস-এর মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ স্থগিত ঘোষণা করে। এতে করে তিনটি বিসিএস পরীক্ষার চূড়ান্ত এবং প্রায় চূড়ান্ত পর্যায়ে উত্তীর্ণ ১৭ হাজারেরও বেশি পরীক্ষার্থীর ভাগা অর্নিচিত হয়ে পড়ে। নতুন সরকার এসব বিসিএস পরীক্ষায় অনিয়মের অভিযোগ তুলে ফলাফল প্রকাশ স্থগিত ঘোষণা করেছিল। এমনকি ২০তম বিসিএস পরীক্ষায় অনিয়মের অভিযোগে তথ্যকর্মকে চাকরি প্রদানের অভিযোগে পিএসসির সাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে মামলাও দাখলের হয়েছে। এ অবস্থায় ১৭ হাজারের বেশি পরীক্ষার্থীর ভাগা বে অনিশ্চিততার সৃষ্টি হয়েছিল। ২১তম বিসিএস-এর ফলাফল প্রকাশের মাধ্যমে তা কটতে শুরু করতে বলে সংশ্লিষ্টরা মতব্য করেছেন।

পিএসসির চেয়ারম্যান হিসেবে গত মাসে নিয়োগ লাভের পর ড. জিন্নাতুন নেছা তাহমিনা বেগম গত মঙ্গলবার প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে তার কার্যালয়ে গিয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এ

সময় পিএসসির কর্মকাণ্ড নিয়ে আলোচনা হয়। ড. তাহমিনা বেগম গতকাল এ ব্যাপারে জেবের কাগজকে জানান, নিরপেক্ষভাবে ও মেধাভিত্তিক বিসিএস পরীক্ষার্থীদের যোগ্যতা নির্ধারণ করতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। যাতে করে প্রজাতন্ত্র যোগ্য ও মেধারী সজ্ঞানদের সেবা থেকে বঞ্চিত না হয়।

পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) ১৯৯৯ সালে ৯৩৪টি পুনাপদে লোক নিয়োগের জন্য ২১তম বিসিএস পরীক্ষা গ্রহণের বিজ্ঞপ্তি প্রচার করে। এতে মোট ৮৬ হাজার ৪০৬টি আবেদনপত্র জমা পড়ে। আবেদনকারী প্রার্থীদের মধ্যে ৭৬ হাজার ৫৪০ জন প্রার্থী বাছাই পরীক্ষায় উপস্থিত হন এবং ১২ হাজার ৬৬৯ জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য মনোনীত হন। এ পরীক্ষায় ১০ হাজার ৫১২ জন প্রার্থী উপস্থিত হন। তাদের মধ্যে ৬ হাজার ৪২০ জন প্রার্থী উত্তীর্ণ হন। গত বছরে তাদের মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। তবে ২০০১ সালে ২১ অক্টোবর সরকারের এক আদেশের পরিপ্রেক্ষিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ স্থগিত রাখা হয়।

গত বছর ১ হাজার ২৬৩টি পুনাপদে লোক নিয়োগের জন্য ২২তম বিসিএস পরীক্ষা গ্রহণের জন্য ২০০০ সালের অক্টোবরে বিজ্ঞপ্তি দেওয়া হয়। এতে ৮৫ হাজার ৬৬৪টি আবেদনপত্র জমা পড়ে। ২০০১ সালের ২ ফেব্রুয়ারি প্রার্থীদের বাছাই পরীক্ষা গ্রহণ করা হয় এবং লিখিত পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ১২ হাজার ২৯৭ জন প্রার্থীকে মনোনীত করা হয়। তাদের মধ্যে ১০ হাজার ৫০৬ জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশ নেন। সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে লিখিত পরীক্ষার ফলাফল স্থগিত রয়েছে।

৭০৯টি কারিগরি পদনের পুনাপদে লোক নিয়োগের জন্য ২৩তম বিসিএস পরীক্ষার আয়োজন করা হয়। পরীক্ষা গ্রহণের জন্য ২০০০ সালের ৩০ নভেম্বর বিজ্ঞপ্তি প্রচার করা হয়। এ পরীক্ষায় আবেদনপত্র জমা মোট ১ হাজার ৫২৩টি। আবেদনপত্র জমা পড়ে। তাদের মধ্যে ১ হাজার ৩৯৭ জন প্রার্থী বাছাই পরীক্ষায় অংশ নেন। বাছাই পরীক্ষার উত্তীর্ণ ১ হাজার ২০১ জন প্রার্থীর মধ্যে ১ হাজার ৬৬ জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশ নেন। লিখিত পরীক্ষায় ৩৯৫ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন। সরকারের আদেশের কারণে বর্তমানে মনস্তাত্ত্বিক অডীকা ও মৌখিক পরীক্ষা গ্রহণ স্থগিত রাখা হয়েছে।

এ তিনটি বিসিএস পরীক্ষার ফলাফল প্রকাশ ও পূর্ববর্তী প্রতিষ্ঠা সম্পন্ন করতে স্থগিতাদেশ প্রত্যাহার ২৪তম বিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি প্রচার করা হয়নি।